

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পল্লবনিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.১৫৪.২৩ নথির বিষয়: Re-Construction of boundary wall behind stuff quarter (Lot-2)

নোট: ১ নোটের বিষয়: Re-Construction of boundary wall behind stuff quarter (Lot-2)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৯/২৩ ৪:২৯ অপরাহ্ন

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতা সম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুরে) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিলোমিটার অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডুস জোন এর আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিকাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৯/২৩ ৪:৩০ অপরাহ্ন

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে (সংযুক্তি-২) ৭ দফা নির্দেশনার মধ্যে ১নং নির্দেশনায় রায়ের কপি প্রাপ্ত হওয়ার দিন হতে পরবর্তী ২৪ মাসের মধ্যে লেগুন এলাকায় সীমানা দেয়াল নির্মাণ করার জন্য বলা হয়েছে। এবং ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আনসার ও নিরাপত্তা রক্ষী নিয়োগ প্রদান করে সুষ্ঠু কার্যকর এবং নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। পাগলা পয়ঃ শোধনাগারের ভাণ্ডার বিভাগের পিছনের সীমানা দেয়ালের টেম্পার নষ্ট হয়ে বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং সীমানা দেয়ালটি বেশ পুরাতন হওয়ায় জরাজীর্ণ অবস্থা হওয়ার কারণে সীমানা দেয়ালের উপরের বারবেড ওয়ার নষ্ট হওয়ায় পাগলা পয়ঃ শোধনাগারের নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না ফলে বিভিন্ন সময়ে দুষ্কৃতিকারী ব্যক্তিগন রাতের আধারে ও বিভিন্ন সময়ে পয়ঃ শোধনাগারের অভ্যন্তরে প্রবেশ করে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভাণ্ডারে প্রবেশ করে মালামাল চুরি করার চেষ্টা করে। পাগলা পয়ঃ শোধনাগারের সীমানা দেয়ালের চেইনেজ 3+025 হতে 3+080 ভেঙ্গে নতুন করে করলে নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা সহজ হবে। এছাড়া মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায়ের ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে আরও একথাপ এগিয়ে যাওয়া সম্ভব হবে। বিধায়, জরুরী ভিত্তিতে সীমানা দেয়ালটি ভেঙ্গে নতুন করে করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৯/২৩ ৪:৩১ অপরাহ্ন

সেই লক্ষ্যে “Re-Construction of boundary wall behind stuff quarter (Lot-2)” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী উপস্থাপন করা হ’ল। PWD-2022 রোট সিডিউল এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ টাঃ ২১,৫৯,১০৭.৯৫৮ (একুশ লক্ষ উনষাট হাজার এক শত সাত দশমিক নয় পাঁচ আট) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের চলতি ২০২৩-২০২৪ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “Sub- Head- M: Boundary wall maintenance” খাতের সিরিয়াল নং-57, Package No-W 21 এ অন্তর্ভুক্ত রয়েছে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৭/৯/২৩ ৪:৩২ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) অনুসরণে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৩-২০২৪ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ের কপি।
- ৩। নক্সা।
- ৪। ক্যালকুলেশন।
- ৫। প্রাক্কলন।
- ৬। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৭/৯/২৩ ৪:৩৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.৩ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Re-Construction of boundary wall behind stuff quarter (Lot-2)” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩ ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (১)(খ) উপ-বিধি মোতাবেক (LTM) এ e-GP তে দরপত্র আহবান এর অনুমোদন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাকলন টাঃ ২১,৫৯,১০৭.৯৫৮ (একুশ লক্ষ উনষাট হাজার এক শত সাত দশমিক নয় পাঁচ আট) টাকার প্রাকলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাকলিত বাজেটের WTP/STP (O&M) (কোড ০১-০৪-০০৫) খাত হতে নিবাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

৭/৯/২৩ ৫:০১ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৭/৯/২৩ ৬:১৭ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৭/৯/২৩ ৬:১৭ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
--	---	--

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৮/৯/২৩ ১০:০৮ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.4

৮/৯/২৩ ১০:০৯ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৮/৯/২৩ ১০:০৯ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)
---	---

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৯/৯/২৩ ১১:২৩ পূর্বাহ্ন

অনুমোদিত

৯/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	৯/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
---	--

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১১/৯/২৩ ১২:১৭ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

১১/৯/২৩ ১২:১৭ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১১/৯/২৩ ১২:১৭ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
---	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা